



ঢাকা সিটি কলেজ

স্থাপিত-১৯৫৭

রোড নং-২, ধানমন্ডি, ঢাকা-১২০৫, বাংলাদেশ। ফোন : ২২৩৩৬৪১১৫
www.dhakacitycollege.edu.bd



সূত্র নং :

তারিখ : ০৬/০৮/২০২২

রচনা প্রতিযোগিতা

অত্র কলেজের একাদশ, দ্বাদশ, স্নাতক ও স্নাতকোত্তর শ্রেণির ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০২২ উদ্‌যাপন উপলক্ষে গণগ্রন্থাগার অধিদপ্তরের অধীন সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ঢাকা এবং বিভাগীয়, জেলা ও উপজেলা সরকারি গণগ্রন্থাগারসমূহে নিম্নোক্ত বিষয়ে রচনা প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

রচনা প্রতিযোগিতায় ঢাকা মহানগর ও ঢাকা জেলার প্রতিযোগীদেরকে স্বহস্তে লিখিত রচনা সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ১২ তলা, আইইবি ভবন, রমনা, ঢাকায় এবং অন্যান্য বিভাগ, জেলা ও উপজেলার প্রতিযোগীদেরকে সংশ্লিষ্ট বিভাগীয়, জেলা ও উপজেলা (কেবলমাত্র দেওয়ানগঞ্জ ও বকশীগঞ্জ উপজেলা, জেলা-জামালপুর এবং টুঙ্গিপাড়া উপজেলা, জেলা-গোপালগঞ্জ) সরকারি গণগ্রন্থাগারে জমা দিতে হবে। রচনা আগামী ২২ আগস্ট ২০২২ তারিখের মধ্যে ডাকযোগে/সরাসরি পৌঁছাতে হবে।

গ্রুপ	শ্রেণি	রচনা প্রতিযোগিতার বিষয়	শব্দসীমা
'খ'	একাদশ ও দ্বাদশ	বেগম ফজিলাতুন্নেছা মুজিব	১২০০
'গ'	স্নাতক-স্নাতকোত্তর	১৫ আগস্ট : শোক থেকে মুক্তি	১৫০০

শর্তাবলী :

- ১। রচনা A4 আকারের সাদা কাগজে স্বহস্তে প্রতি পাতার একদিকে লিখতে হবে, রচনার শব্দসংখ্যা নির্ধারিত সীমার মধ্যে থাকা আবশ্যিক।
- ২। ছাত্র-ছাত্রীদের রচনা কলেজের অধ্যক্ষের প্রত্যয়নসহ জমা দিতে হবে।
- ৩। রচনায় অবশ্যই জমাদানকারীর নাম, পিতা ও মাতার নাম, ঠিকানা উল্লেখ করতে হবে ও রচনার সাথে আইডি কার্ডের ফটোকপি জমা দিতে হবে।

০৬/০৮/২২

(প্রফেসর বেদার উদ্দিন আহমেদ)

অধ্যক্ষ

ঢাকা সিটি কলেজ, ঢাকা।



ঢাকা সিটি কলেজ

স্থাপিত-১৯৫৭

রোড নং-২, ধানমন্ডি, ঢাকা-১২০৫, বাংলাদেশ। ফোন : ২২৩৩৬৪১১৫

www.dhakacitycollege.edu.bd



সূত্র নং :

তারিখ : ০৪/০৮/২০২২

রচনা প্রতিযোগিতা

অত্র কলেজের একাদশ-দ্বাদশ শ্রেণির ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ জাতীয় যাদুঘর স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস-২০২২ পালন উপলক্ষ্যে শিক্ষার্থীদের জন্য রচনা প্রতিযোগিতার আয়োজন করেছে। রচনা প্রতিযোগিতার বিষয় নিম্নরূপ:


গ্রুপ	শ্রেণি	রচনা প্রতিযোগিতার বিষয়	শব্দসীমা
'খ'	একাদশ-দ্বাদশ	বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা	১২০০

উক্ত রচনা প্রতিযোগিতা আগামী ১৩ আগস্ট ২০২২ শনিবার সকাল ১১:০০ টায় বাংলাদেশ জাতীয় যাদুঘর প্রাঙ্গণে অনুষ্ঠিত হবে। আত্মহী প্রতিযোগীদের যাদুঘরের জনশিক্ষা বিভাগে (কক্ষ নম্বর ১০৩) উপস্থিত হয়ে অথবা অনলাইনে (eduo@bnm.gov.bd) নাম রেজিস্ট্রেশন করতে হবে। প্রতিযোগিতার জন্য প্রয়োজনীয় কাগজ জাদুঘর থেকে সরবরাহ করা হবে। প্রতিযোগীদের কলম, পেন্সিল ও ক্লিপবোর্ড সঙ্গে আনতে হবে। প্রত্যেক বিভাগে আকর্ষণীয় পুরস্কার প্রদানের ব্যবস্থা আছে।

উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণের লক্ষ্যে নাম রেজিস্ট্রেশনের জন্য প্রয়োজনীয় তথ্য নিম্নরূপ :

নাম :
পিতার নাম :
মাতার নাম :
শিক্ষা প্রতিষ্ঠানের নাম :
শ্রেণি :
বর্তমান ঠিকানা :
স্থায়ী ঠিকানা :
মোবাইল নম্বর :

বিশেষ দ্রষ্টব্য : আবেদন ফরমটি যথাযথভাবে পূরণ করে আগামী ১২ আগস্ট ২০২২ সন্ধ্যা ৭:০০টার মধ্যে ই-মেইল eduo@bnm.gov.bd - এর মাধ্যমে প্রেরণ করতে হবে।


০৪/০৮/২২
(প্রফেসর বেদার উদ্দিন আহমেদ)

অধ্যক্ষ
ঢাকা সিটি কলেজ, ঢাকা।